

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
Website: www.dnc.gov.bd

১৫ জ্যৈষ্ঠ, ১৪৩১

তারিখঃ -----

২৯ মে, ২০২৪

নং-৫৮.০২.০০০০.০০৫.০০.০০৫.২১-১৯৬৮

অফিস আদেশ

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) সংক্রান্ত গঠিত কমিটি কর্তৃক ২৩ মে, ২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত ক্রমিক ২.১ ও ২.২ মোতাবেক ২৮ মে, ২০২৪ তারিখে অধিদপ্তরের প্রধান কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) হালনাগাদকরণ করা হয় এবং ২৯ মে, ২০২৪ তারিখ সর্বসাধারণের জন্য ওয়েবসাইটে প্রকাশ করা হয় (স্ক্রিনশট সংযুক্ত)। অধিদপ্তরের প্রধান কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার)-এ নিম্নবর্ণিত বিষয়সমূহ অন্তর্ভুক্ত করা হয়েছে:

ক্রম:	সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি
২.১	অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ এর তফসিল-১ এর ক্রমিক-১৩ অনুযায়ী অধিদপ্তরের প্রধান কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতির নাগরিক সেবার সেবার ২.১ এর ক্রমিক ৩৩-এর ৫নং কলামে (সেবামূল্য এবং পরিশোধ পদ্ধতি) '(ক) মহানগর, উন্নয়ন কর্তৃপক্ষ ঘোষিত এলাকা, রিসোর্ট ও ব্যয়বহুল এলাকার জন্য ১,০০,০০০/- টাকা, (খ) পৌর এলাকার জন্য ১,০০,০০০/- টাকা এবং (গ) অন্যান্য এলাকার জন্য ৫০,০০০/- টাকা প্রতিস্থাপনপূর্বক সংশোধন' করা হয়েছে।
২.২	অধিদপ্তরের প্রধান কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতির নাগরিক সেবার সেবার ২.১ এর ক্রমিক ৩৫-এর ৫নং কলামে (সেবামূল্য এবং পরিশোধ পদ্ধতি) (ক) মুসলিম/অমুসলিম এর ক্ষেত্রে ১৫০/- ও (খ) বিদেশি নাগরিকের ক্ষেত্রে ৩,০০০/- এর পরিবর্তে অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০২২ এর তফসিল-১ এর ক্রমিক-১৮ ও ১৯ অনুযায়ী 'বিলাতি/বিদেশিমদ পানের পারমিট ফি ৩,০০০/- এবং দেশিমদ পানের পারমিট ফি ১৫০/-' প্রতিস্থাপনপূর্বক সংশোধন করা হয়েছে।

০২। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) ২৮ মে, ২০২৪ তারিখ হতে কার্যকর হবে। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

(তানভীর মমতাজ বিপিএম-সেবা)
(অ্যাডিশনাল ডিআইজি)
পরিচালক (প্রশাসন, অর্থ ও পরিকল্পনা)
(অতিরিক্ত দায়িত্ব)

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃ: আ: অতিরিক্ত সচিব (অগ্নি অনুবিভাগ)]।
- ২। পরিচালক (প্রশাসন/অপারেশনস/চিকিৎসা ও পুনর্বাসন/নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। চীফ কনসালটেন্ট, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা।
- ৪। প্রধান রাসায়নিক পরীক্ষক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, গেন্ডারিয়া, ঢাকা।
- ৫। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ/গোয়েন্দা শাখা, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৬। উপপরিচালক (প্রশাসন/নিরোধ শিক্ষা/অপারেশনস/ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন/চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন,.....।
- ৭। প্রোগ্রামার, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৮। সহকারী পরিচালক (অপারেশনস/প্রশাসন/কমন সার্ভিস/জনসংযোগ/নিরোধ শিক্ষা/ক্রয়, পরিকল্পনা ও উন্নয়ন/গোয়েন্দা/অর্থ ও হিসাব), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা/বিভাগীয় কার্যালয়/মেট্রো কার্যালয়/জেলা কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয়/টেকনাফ বিশেষ জোন,.....।
- ৯। স্টাফ অফিসার টু ডিউজি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১০। অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১১। অফিস কপি।

(দীপঙ্কর খাঁসা)
সহকারী পরিচালক (প্রশাসন)।